

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
www.dwa.gov.bd


স্মারক নং- ৩২.০১.০০০০.০০১.১৮.৬৪০.১৫-৬০৭

তারিখ : ৩৭ / ০৫ / ২০২৬।

বিষয় : অভিযোগ হতে অব্যাহতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জনাব মো: আফজাল হোসেন এর বিরুদ্ধে দুর্নীতি, ঘুষ, অনিয়ম ও স্বেচ্ছাচারিতার অভিযোগ তদন্তক্রমে তাকে অপসারণের দাবিদাওয়ার বিষয়ে জনৈক মো: জমশেদ আলী এবং মো: খোরশেদ আলম পেপার কাটিংসহ একটি অভিযোগ দাখিল করেন। অভিযোগের বিষয়টি তদন্ত করার জন্য সদর কার্যালয়ের ১৩/১১/২০২৫ তারিখের ৩২.০১.০০০০.০০১.১৮.৬৪০.১৫-৮১৬ নম্বর স্মারকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। সে প্রেক্ষিতে তিনি তদন্ত করে প্রতিবেদনসহ সংশ্লিষ্ট কাগজপত্র দাখিল করেন। অভিযুক্ত জনাব মো: আফজাল হোসেন, সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি বিধায় তাকে উক্ত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো এবং ভবিষ্যতে অধিকতর সতর্ক হয়ে কাজ করার জন্য নির্দেশক্রমে বলা হলো।

জনাব মো: আফজাল হোসেন
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
তাহিরপুর, সুনামগঞ্জ।


(শবনম শিরিন)
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন : ৫৮৩১০৭৭০।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি :

- ০১। উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।
- ০২। উপপরিচালক, উপপরিচালক এর কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, সুনামগঞ্জ।
- ০৩। সহকারী পরিচালক (ওয়েব পোর্টাল), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ০৪। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। পরিচালকের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। অফিস নথি।